# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**06 DECEMBER 2025** **7:45—7:55 PM**

---

১) মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে হাইলাকান্দি ও কাছাড় জেলায় মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার চেক বিতরণ ।

২) পর্যাপ্ত জনসমর্থন থাকলেই শিলচরের প্রস্তাবিত এলিভেটেড করিডোর নির্মাণ করা হবে মুখ্যমন্ত্রীর মন্তব্য ।

৩) জুবিন গার্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে ১২ ডিসেম্বর এস আই টির অভিযোগনামা দাখিল ।

৪) কেন্দ্রীয় সরকার ইন্ডিগো এয়ার লাইন্সের বিমান সেবার বিপর্যয় নিয়ে তদন্তের ঘোষণা ।

এবং

৫) আসাম সরকারের ২০২৫-২৬ বর্ষের সাহিত্য পুরস্কারের জন্য হাইলাকান্দির আশুতোষ দাস ও রাতাবাড়ির সুভাষচন্দ্র সিনহা মনোনীত।

---

মহিলা আত্মসহায়ক গোষ্ঠীর সদস্যদের দ্বারা গ্রামীণ শিল্প গড়ে তোলার উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের অংশ হিসেবে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তিবিশ্ব শর্মা আজ কাছাড় ও হাইলাকান্দি জেলার মহিলাদের মধ্যে চেক বিতরণ করেছেন । হাইলাকান্দির প্রায় ১৮ হাজার মহিলাকে দশ হাজার টাকার প্রাথমিক পর্যায়ের চেক বিতরণ করা হয়েছে ।

এই উপলক্ষে হাইলাকান্দিতে অনুষ্ঠিত জনসভায় ডঃ শর্মা বলেন যে- এপর্যন্ত উদ্যমিতা অভিযান প্রকল্পের আওতায় রাজ্যের বারো লক্ষ মহিলাকে দশ হাজার টাকা করে দেওয়া হয়েছে । এবং রাজ্যের ৫০ টি বিধানসভা এলাকায় এই প্রকল্প রূপায়ণ করা হয়েছে । মহিলারা এই অর্থ ভালো কাজে ব্যবহার করছেন বলেও তিনি উল্লেখ করেন । তিনি বলেন- রাজ্য সরকার আসামের ৪০ লক্ষ মহিলাকে লাখপতি বাইদেউ হিসেবে গড়ে তোলার লক্ষ্য হাতে নিয়েছে । ভাষণ প্রসঙ্গে ডঃ শর্মা কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পের কথা উল্লেখ করেন । বর্তমান রাজ্য সরকার মধ্যবিত্ত শ্রেণীর লোকেদের জন্য কাজ করে আসছে বলেও তিনি জানান । জনসাধারণের সুবিধার্থে হাইলাকান্দি সিভিল হাসপাতালে একটি এম আর আই মেশিন বসানো হবে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন । চেক বিতরণ কার্যসূচীতে অংশগ্রহণের আগে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা হাইলাকান্দির পুরনো হাসপাতাল পথে ভারত কেশরী ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জীর একটি প্রতিমূর্তি স্থাপনের শিলান্যাস করেছেন।

পরে কাছাড় জেলার ধলাই বিধানসভা এলাকার মহিলা উদ্যমিতা অভিযানের চেক বিতরণ অনুষ্ঠানে ডঃ শর্মা অংশগ্রহণ করেন । বড়জালেঙ্গার পাইওনিয়ার সংঘ ক্লাব মাঠে এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে কুড়ি হাজার ৯৯ জন হিতাধিকারীর মধ্যে তিনি চেক বিতরণ করেন । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ডঃ শর্মা বলেন যে- মহিলারা এই অর্থ ভালো কাজ বিনিয়োগ করলে পরবর্তী সময়ে ৫০ হাজার টাকা করে সাহায্য প্রদান করা হবে । ধলাই বিধানসভা এলাকার তিন হাজার মহিলাকে নতুন করে অরুণোদয় প্রকল্পের অর্ন্তভুক্ত করা হবে বলো তিনি ঘোষণা করেন । আগামী পয়লা জানুয়ারি থেকে ছাত্রীদের মতো ছাত্রদেরকেও আর্থিক সহায়তা প্রদান করা হবে বলে তিনি জানান। সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা বলেন যে- আগামী পনেরো দিনের মধ্যে বরাক উপত্যকার সকল হিতাধিকারীর মধ্যে মহিলা উদ্যমিতা অভিযানের চেক বিতরণের কাজ সম্পূর্ণ হবে । এছাড়া বরাক উপত্যকায় শিল্পদ্যোগী সৃষ্টির জন্য শীঘ্রই একটি বিনিয়োগ সম্মেলনের আয়োজন করা হবে বলেও তিনি উল্লেখ করেছেন । মুখ্যমন্ত্রী শিলচরের প্রস্তাবিত এলিভেটেড করিডোর নির্মাণ সম্পর্কে বলেন যে- পর্যাপ্ত জনসমর্থন লাভ করলেই তা নির্মাণ করা হবে । একইসঙ্গে এই নির্মাণকার্যের বিরোধিতা অব্যাহত থাকলে এই প্রকল্পটি অনিশ্চিত হয়ে পড়বে বলেও তিনি জানিয়েছেন । #বাইট#

---

কেন্দ্রীয় সরকার ইন্ডিগো এয়ার লাইন্সের বিমান সেবার বিপর্যয় নিয়ে তদন্তের ঘোষণা করেছে । এরজন্য চারজনের সমিতি গঠন করা হয়েছে । ১৫ দিনের মধ্যে এই

বিপর্যয়ের কারন ও গাফিলতি সম্পর্কে অনুসন্ধান করে প্রতিবেদন দাখিল করতে সমিতিকে নির্দেশ দেওয়া হয়েছে । সমিতি বিমান পরিবহন সংস্থার কর্মচারী ,পাইলট সহ কর্তৃপক্ষের অবহেলা সম্পর্কেও তদন্ত করবে ।

এদিকে গৌহাটীর গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমানবন্দরে যাত্রীরা আজও অসুবিধার সম্মুখীন হয়েছেন । বিমানের উড়ান ও অবতরণে অনিয়মের জন্য যাত্রীদের বিমানবন্দরে দীর্ঘসময় অচিবাহিত করতে হয় । এর জন্য রাজ্যের ৮ জন প্রতিভাববান খেলোয়াড় জাতীয় ব্যাডমিন্টন প্রতিযোগীতায় অংশগ্রহণ থেকে বঞ্চিত হয়েছেন ।

---

সিঙ্গাপুরে জুবিন গর্গের রহস্যজনক মৃত্যুর ঘটনা সম্পর্কে আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখার বিশেষ তদন্তকারী গোষ্ঠী আগামী বারোই ডিসেম্বে আদালতে অভিযোগনামা দাখিল করবে । বিশেষ তদন্তকারী গোসঠীর প্রধান তথা রাজ্য পুলিশের বিশেষ সঞ্চালক প্রধান মুন্না প্রসাদ গুপ্তা আজ উলুবাড়ীতে থাকা সি আই ডি’র কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে একথা বলেন। তিনি বলেন যে- জুবিন গর্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে ১৮/২০২৫ নম্বরে একটি মামলা দায়ের করা হয়েছিল । এই মামলার তদন্ত প্রক্রিয়া প্রায় সম্পূর্ণ হওয়ার পথে বলে তিনি উল্লেখ করেন । অভিযোগনামার মাধ্যমে মামলার সব তথ্য আদালতে দাখিল করা হবে বলেও তিনি জানান । এই ঘটনা সম্পর্কে এপর্যন্ত সাতজনকে গ্রেপ্তার করা হয়েছে এবং তিনশোর’ও বেশি লোকের সাক্ষ্য গ্রহণ করা হয়েছে বলে তিনি জানান ।

---

সমগ্র দেশ আজ সংবিধান প্রণেতা ভারতরত্ন ড.বি আর আম্বেদকরের ৭০তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছে । এ উপলক্ষ্যে দেশ গঠনে আম্বেদকরের উল্লেখযোগ্য অবদানের ওপর আলোকপাত করে বেশ কয়েকটি অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ,উপ-রাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ ,প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ,লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সহ অন্যান্য বিশিষ্ট ব্যাক্তিরা মহাপরিনির্বাণ দিবস উপলক্ষ্যে আজ সংসদ ভবন প্রাঙ্গণে ড.বি আর আম্বেদকরের প্রতি পুষ্পার্ঘ্য অর্পণ করেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে বাবাসাহেব আম্বেদকরের নেতৃত্ব এবং ন্যায় ,সমতা তথা সাংবিধানিক মূল্যবোধসমূহের প্রতি তাঁর

প্রতিশ্রুতিবদ্ধতা আজও দেশের অগ্রগতির ক্ষেত্রে মূল ভিত্তি হয়ে রয়েছে । আম্বেদকর ভবিষ্যত প্রজন্মকে মানবিক মর্যাদা অক্ষুণ্ন রাখতে এবং গণতন্ত্রের ভিত সুদৃঢ় করতে অনুপ্রেরণা যোগাবে বলে তিনি মন্তব্য করেন ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার কর ব্যাবস্থার সবলীকরণের জন্য কাজ করছে বলে অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ জানিয়েছেন । নতুনদিল্লীতে আজ এক সাংবাদিক সম্মেলনে মন্ত্রী বলেন যে আয়করের স্তরসমূহকে জনসাধারণের জন্য আরো সরল ,স্বচ্ছ ও সহজবোধ্য হওয়া উচিত । সীমা শুল্ক পরিকাঠামোর আমূল পরিবর্তন পরবর্তী বৃহৎ কাজ বলে মন্ত্রী অভিহিত করেন । শ্রীমতি সীতারমণ বলেন যে সরকার বিগত দুই বছরে সীমা শুল্কসমূহ ক্রমান্বয়ে হ্রাস করেছে এবং সীমা শুল্ক ব্যাবস্থা সরল করে তোলার জন্য কাজ করছে । সেইসঙ্গে তিনি বলেন যে সম্প্রতি মধ্যবিত্ত শ্রেণীর সঞ্চয়ের পরিমাণ হ্রাস পায়নি বরং তাঁরা বিনিয়োগ করছেন । চলতি বছরের জন্য সামগ্রিক উন্নয়নের হার ৭ শতাংশের অধিক হবে বলে অর্থমন্ত্রী দাবী করেন ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার ইন্ডিগো এয়ার লাইন্সের বিমান সেবার বিপর্যয় নিয়ে তদন্তের ঘোষণা করেছে । এরজন্য চারজনের সমিতি গঠন করা হয়েছে । ১৫ দিনের মধ্যে এই বিপর্যয়ের কারন ও গাফিলতি সম্পর্কে অনুসন্ধান করে প্রতিবেদন দাখিল করতে সমিতিকে নির্দেশ দেওয়া হয়েছে । সমিতি বিমান পরিবহন সংস্থার কর্মচারী ,পাইলট সহ কর্তৃপক্ষের অবহেলা সম্পর্কেও তদন্ত করবে ।

এদিকে গৌহাটীর গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমানবন্দরে যাত্রীরা আজও অসুবিধার সম্মুখীন হয়েছেন । বিমানের উড়ান ও অবতরণে অনিয়মের জন্য যাত্রীদের বিমানবন্দরে দীর্ঘসময় অচিবাহিত করতে হয় । এর জন্য রাজ্যের ৮ জন প্রতিভাববান খেলোয়াড় জাতীয় ব্যাডমিন্টন প্রতিযোগীতায় অংশগ্রহণ থেকে বঞ্চিত হয়েছেন ।

-----------------------------------------------------------------------------------------

অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী রাম মোহন নাইডু বলেছেন যে ইন্ডিগো বিমানসমূহ দেরী করে যাতায়াত এবং  বাতিলের জন্য সৃষ্টি হওয়া সমস্যার কিছুটা উন্নতি হয়েছে । বিমান বন্দরসমূহতে যাত্রীদের আজ থেকে অধিক সময় অপেক্ষা করতে হবে না বলে তিনি আশা প্রকাশ করেন । শ্রী নাইডু বলেন যে সরকার প্রথমে বিমান বন্দরগুলিতে থাকা যাত্রী ভীড়  হ্রাস করার ওপর গুরুত্ব দিচ্ছে এবং এক্ষেত্রে সরকার সংশ্লিষ্ট সব পক্ষের সঙ্গে সক্রিয়ভাবে কাজ করছে । তিনি আরো বলেন যে অসামরিক বিমান

পরিবহন মন্ত্রণালয় শিশু , মায়েদের , প্রবীণ নাগরিক এবং দিব্যাঙ্গদের প্রাথমিক গুরুত্ব দিতে বিমান বন্দর কর্তৃপক্ষ সহ বিমান সংস্থাসমূহকে নির্দেশ দিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসাম সরকার ২০২৫-২৬ বর্ষের জন্য সাহিত্য পুরস্কার এবং সাহিত্য পেনশন ঘোষণা করেছে । এইবার হাইলাকান্দির বিশিষ্ট সাহিত্যিক আশুতোষ দাস এবং রাতাবাড়ীর সুভাষচন্দ্র সিন্হা সহ মোট দশজন সাহিত্যিককে সাহিত্য পুরস্কার ও সাহিত্যিক পেনশন প্রদান করা হয়েছে । শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু একথা জানিয়ে রাজ্যের সাহিত্যক্ষেত্রে তাদের অবদানের কথা উল্লেখ করে তাদের শুভেচ্ছা জানিয়েছেন । ২০২৫-২৬ বর্ষের সাহিত্য পুরস্কার পাওয়া সাহিত্যিকদের মধ্যে রয়েছেন- ফনীন্দ্র কুমার দেবচৌধুরী, ডঃ সূর্যকান্ত হাজারিকা, কিশোরী মোহন দাস, অপর্ণা কোঁয়র, গুরমাইল সিং, সুবর্ণা শইকিয়া প্রমুখ । উল্লেখ্য- হাইলাকান্দি শহরের অবসরপ্রাপ্ত স্কুল শিক্ষক এবং কবি, লেখক, নাট্যকার আশুতোষ দাস বিগত শতকের সত্তরের দশক থেকে সাহিত্য চর্চা করে চলেছেন । তার লেখা কবিতা, গল্প ইংরেজী, হিন্দি অসমীয়া ছাড়াও অন্যান্য প্রতিবেশী ভাষায় অনুদিত হয়েছে। শিলচর আকাশবাণী কেন্দ্র থেকে তার লেখা নাটক শ্রেষ্ঠ পুরস্কার লাভ করে । আসামের প্রথম বিনোদনমূলক কাহিনী চিত্র ‘পারদর্শিনী’র কাহিনী এবং সঙ্গীতের তিনি রচয়িতা । এছাড়া সাহিত্যের বিভিন্ন ক্ষেত্রে তিনি অনবদ্য অবদান রেখে চলেছেন ।

এদিকে শ্রীভূমি জেলার রাতাবাড়ী থানার অর্ন্তগত পাঁচডালি গ্রামের অবসরপ্রাপ্ত শিক্ষক ও লেখক সুভাষ চন্দ্র সিন্হা এপর্যন্ত সাতটি বই রচনা করেছেন । তার প্রকাশিত বইয়ের তালিকায় জীবনীমূলক গ্রন্থের সংখ্যা বেশি । সাহিত্যিকদের পুরস্কারের সঙ্গে ৫০ হাজার টাকা করে প্রদান করা হবে । এদিকে সাহিত্য পেনশন লাভ করা সাহিত্যিকদের মাসিক আট হাজার টাকা করে পেনশন প্রদান করা হবে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় মানবাধিকার সংস্থার উদ্যোগে আগামী বুধবার যথাযথ মর্যাদায় আর্ন্তজাতিক মানবাধিকার দিবস পালন করা হবে । শিলচর পেনশনারস ভবনে সকাল সাড়ে ১০ টায় সংস্থার সভাপতি এ ইরাবত সিং ও কার্যকরী সভাপতি ড.বিভাস দেবের পৌরহিত্যে অনুষ্ঠানে মানব অধিকার সম্পর্কে এবং সংস্থার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হবে । এছাড়া সংস্থার মহিলা সমিতির সভানেত্রী সুস্মিতা ঘোষ সহ অন্যান্য বিশিষ্ট ব্যাক্তিরা দিনটি পালনের তাৎপর্য নিয়ে বক্তব্য রাখবেন ।

---------------------------------------------------------------------------------------